একই স্মারক নম্বরের ও তারিখের প্রতিস্থাপন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার সুর্বণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত কর্মসূচি নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| ১.০ সভার তারিখ ও সময় | : | ০৪ মার্চ ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা। |
| ১.১ সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-২)। |
| ১.২ সভাপতি | : | অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.৩ আলোচ্য বিষয় | : | (ক) আগামী ১৭ মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন;<br>(খ) স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী বর্ণাঢ্যভাবে ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত বছর ব্যাপী কর্মসূচি গ্রহণ<br>(গ) বিবিধ। |

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক এ সংযুক্ত।

০৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুষ্ঠানের কর্মসূচি এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত বছর ব্যাপী (২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর, ২০২১) কর্মসূচি গ্রহণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রসমূহ সভায় পাঠ করা হয়। তিনটি পত্রের আলোকে কর্মসুচি নির্ধারণের জন্য আজকের সভা আহ্বান করা হয়।

০৪। সভাপতি সভাকে আরও জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ২টি কমিটি গঠন করা আছে। একটি উদযাপন কমিটি, অপরটি বাস্তবায়ন কমিটি। উদযাপন কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন কমিটি সুচারুরূপে বাস্তবায়ন করবে।

০৫। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম নিয়েও সভায় আলোচনা করা হয়। বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জনাব মো.দিলদার হোসেন, উপসচিব সভাকে জানান যে, এ বিভাগ কর্তৃক গৃহীত ৮টি কর্মপরিকল্পনার মধ্যে ১-৬টি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। ৭ নং কর্মপরিকল্পনা অনুসারে কাউন্ট ডাউন করার জন্য সকল কার্যক্রম গ্রহণ করা হলেও বৈশ্বিক করোনা পরিস্থিতির কারণে কার্যক্রম বাস্তবায়ন হয়নি।

০৬। সভায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগে ০৪-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ উপসচিব বেগম সুফিয়া আক্তার রুমী তুলে ধরেন। প্রাপ্ত সকল পত্র মোতাবেক কর্মসূচি প্রণয়নের জন্য সভা একমত হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠার পর:

০৭। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৭.১. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য ১০ দিন ব্যাপী কর্মসূচি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পালন করতে হবে। কর্মসূচিসমূহ নিম্নরূপ:

| তারিখ ও সময় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১৭/০৩/২১ ভোর ৬.১০ | ১৭ মার্চ ২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। | বিবিএস |
| সকাল ১০.০০ ঘটিকায়। | পরিসংখ্যান ভবনে র‌্যালী ও শান্তির পায়রা এবং বেলুন উড়ানোর মাধ্যমে ১৭ মার্চের উদযাপন। | |
| সকাল ১০.৩০ ঘটিকায় | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন। | |
| ১৬/০৩/২১ থেকে ২৬/০৩/২১ | পরিসংখ্যান ভবন ১০ দিন ব্যাপী, ১৬ মার্চ দিবাগত রাত হতে ২৭ মার্চ সকাল পর্যন্ত আলোকসজ্জা করতে হবে। তবে ২৫ মার্চ ২০২১ তারিখ দিবাগত রাতে আলো নিষ্প্রভ থাকবে। | বিবিএস |
| ১৮/০৩/২১ দুপুর ১.৩০ | ১৮-০৩-২০২১ তারিখ বাদ জোহর পরিসংখ্যান ভবনের মসজিদে দোয়া-মাহফিলের আয়োজন করতে হবে। | বিবিএস |
| ২১/০৩/২১ | পরিসংখ্যান ভবনের ৭ম তলার প্রার্থনা কক্ষে সনাতন ধর্ম পালনকারীগণ তাদের সুবিধামত সময়ে প্রার্থনার আয়োজন করবেন এবং অন্য ধর্ম পালনকারীরা সুবিধামত সময়ে প্রার্থনার আয়োজন করবেন। | বিবিএস |
| ১৬/০৩/২১ থেকে ২৬/০৩/২১ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ১৬ মার্চ দিবাগত রাত হতে ২৬ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত পরিসংখ্যান ভবনকে ব্যানার, ফেস্টুন, বেলুনের সমন্বয়ে মনোরমভাবে সাজাতে হবে। | বিবিএস |
| ২২/০৩/২১ বেলা ৩.০০ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ভিত্তিক আলোচনা সভার আয়োজন করতে হবে। | বিবিএস |
| ২৫/০৩/২১ ও ২৬/০৩/২১ | জাতীয় কর্মসূচির সাথে মিলিয়ে কর্মসূচি পালন করতে হবে। | বিবিএস |
| ১৭/০৩/২১ হতে ২৬/০৩/২১ | পরিসংখ্যান ভবনের সদর গেইটে স্থাপিত LED টিভিতে বঙ্গবন্ধু ও স্বাধীনতার তথ্য চিত্র প্রদর্শন করতে হবে। | বিবিএস |
| ১৭/০৩/২১ হতে ২৬/০৩/২১ | জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক তৈরিকৃত থিম সংগীত বিভিন্ন কর্মসূচিতে ব্যবহারের জন্য সংগ্রহ করতে হবে। | ড.দিপংকর রায়, উপসচিব, এসআইডি |
| ১৭/০৩/২১ হতে ২৬/০৩/২১ | বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ স্থানীয় প্রশাসনের সাথে সংগতি রেখে দিবসটি পালন করবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিষয়টি নিশ্চিত করবে। | বিবিএস |
| ১৭/০৩/২১ হতে ২৬/০৩/২১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এই বিভাগের জন্য গঠিত উদযাপন কমিটির সদস্য সচিব হিসেবে জনাব শেখ মুর্শিদুল ইসলাম কে দায়িত্ব দিতে হবে। | প্রশাসন-২ শাখা, এসআইডি |
| ২৪/০৩/২১ দুপুর ১.৩০ | পরিসংখ্যান ভবনে Outsourching এ কর্মরত ক্লীনার, লিফটম্যানদের উন্নতমানের খাবার বিতরণ করা হবে। | বিবিএস |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠার পর:

৭.২ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালনের কর্মসুচি (২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) নিম্নরুপ:

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক | স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:<br>i. জনাব মোহাম্মদ আব্দুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস - আহ্বায়ক<br>ii. জনাব মো.সেলিম সরকার, উপপরিচালক,বিবিএস - সদস্য<br>iii. জনাব কালাচাঁদ সরকার, সিনি: সহ:সচিব - সদস্য<br>iv. জনাব সৌমিত্র কুমার পাল, সহকারী সচিব - সদস্য<br>v. জনাব মো.মহিউদ্দিন আহমেদএমপিএইচ,উপপরিচালক,বিবিএস-সদস্য-সচিব<br><br>কার্যপরিধি: ক. কমিটি আগামী ৭ (সাত) কার্য দিবসের মধ্যে একটি কর্মসুচি প্রণয়ন করে মহাপরিচালক,বিবিএস বরাবরে দাখিল করবে।<br>খ. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। | প্রশাসন-২ শাখা এসআইডি |

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মুহম্মদ মেসবাহুল আলম
অতিরিক্ত সচিব

নং:৫২.০০.০০০০.০০৬.০৬.৭০৩.১৭-৮৭৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭ / ০৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। পরিচালক, এমআইএস/বাজেট/কৃষি/সেন্সাস/পরিকল্পনা ও উন্নয়ন/হেলথ এন্ড ডেমোগ্রাফী/কম্পিউটার/ইন্ডাস্ট্রি এন্ড লেবার/প্রশিক্ষণ ইনস্টিটিউট/মূল্য ও মজুরি/জিডিপি এবং বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা-১২০৭।
৭। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব (উপসচিব), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব